| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

**জেলা পরিষদ কার্যালয়**
মৌলভীবাজার।
www.zpmoulvibazar.gov.bd

স্মারক নং ঃ ৪৬.০০.৫৮০০.০০১.০৮.০১৯.০৫.৪৭০ তারিখ ঃ ১৫/০৭/২০২৪ খ্রিঃ

## শিক্ষা বৃত্তি বিজ্ঞপ্তি

মৌলভীবাজার জেলা পরিষদের নিজস্ব তহবিল হতে ২০২৩-২৪ অর্থ বৎসরের বাজেট বরাদ্দের আওতায় ২০২৩ খ্রিঃ সনে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, ২০২৪ খ্রিঃ সনে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে বাংলাদেশের যে কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা, অস্বচ্ছল, মেধাবী ছাত্র/ছাত্রীদের মধ্যে এককালীন বৃত্তি প্রদানের লক্ষ্যে নির্ধারিত শর্তাবলী অনুসারে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

### আবেদনের শর্তাবলী

১। আবেদনকারীকে মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। শিক্ষার্থীকে ২০২৩ খ্রিঃ সনে এসএসসি/সমমান অথবা এইচএসসি/সমমান, ২০২৪ খ্রিঃ সনে এসএসসি/সমমান পরীক্ষায় জি.পি.এ ৫ (পাঁচ) প্রাপ্ত হতে হবে, তবে মুক্তিযোদ্ধা সন্তান/উপজাতী/প্রতিবন্ধী/পোষ্য প্রার্থীর ক্ষেত্রে ন্যূনতম জি.পি.এ ৪.০০ (চার) হলে আবেদন করা যাবে। মুক্তিযোদ্ধা পোষ্য প্রমানের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সার্টিফিকেট ও উপজাতী, আদিবাসী ও প্রতিবন্ধী প্রার্থীদেরকে সংশ্লিষ্ট দাবীর স্বপক্ষে উপজেলা/পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত এবং প্রত্যেক শিক্ষার্থীকে অবশ্যই দারিদ্রতার সত্যতা প্রমাণের স্বপক্ষে উপজেলা/পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের কপি আপলোড করতে হবে; অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

৩। শিক্ষার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। স্বহস্তে কোনো আবেদন গ্রহণ করা হবে না।

৪। আগামী ১৬ জুলাই ২০২৪ খ্রিঃ তারিখ ১২.০১ ঘটিকা হতে অনলাইনে আবেদন করা যাবে। আবেদন করার শেষ সময় ১৫ আগষ্ট ২০২৪ তারিখ রাত্রি ১১.৫৯ ঘটিকা পর্যন্ত। উক্ত শেষ সময়ের মধ্যে সার্বক্ষণিক আবেদন করা যাবে। শেষ সময় অতিক্রান্তের পর আর আবেদন গ্রহণ করা হবে না।

### আবেদনের পদ্ধতি

১। নিজ নামে একটি ইমেইল এড্রেস খুলুন (যদি না থাকে)

২। www.zpmoulvibazar.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে বৃত্তির লিঙ্কটি খুলতে Scholarship/শিক্ষা বৃত্তি > আবেদন প্রক্রিয়া > বাটনে ক্লিক করতে হবে।

৩। আবেদনের শর্তাবলী পড়ুন এবং আবেদন করার জন্য রেজিষ্ট্রেশনে/আবেদন করুন বাটনে ক্লিক করুন।

৪। অনলাইন আবেদন ফরমে সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে।

৫। ছাত্র/ছাত্রীর নাম, পিতার নাম, মাতার নাম সঠিকভাবে পূরণ করুন। গ্রাম, ডাকঘর ও উপজেলার স্থানে শিক্ষার্থীর স্থায়ী ঠিকানা টাইপ করুন ।

৬। জেলার রেডিও বাটনে ক্লিক করুন এবং বর্তমান ঠিকানা টাইপ করুন।

৭। আপনার আবেদনের ধরণ নির্বাচন করতে, আপনি সাধারন আবেদনকারী হলে "সাধারণ", মুক্তিযোদ্ধা সন্তান কোটায় আবেদনকারী হলে "মুক্তিযোদ্ধা", প্রতিবন্ধী কোটায় আবেদনকারী হলে "প্রতিবন্ধী", ও উপজাতি কোটায় আবেদনকারী হলে "উপজাতি" নির্বাচন করুন।

৮। অভিভাবকের মোবাইল নাম্বার, নিজের মোবাইল নাম্বার ও নিজস্ব ইমেইল টাইপ করুন।

৯। আপনি যদি এসএসসি অথবা সমমানের পরীক্ষার জন্য বৃত্তির আবেদন করতে চান তাহলে "এসএসসি" অথবা আপনি যদি এইচএসসি অথবা সমমানের পরীক্ষার জন্য বৃত্তির আবেদন করতে চান তাহলে ড্রপডাউন ম্যানু হতে "এইচএসসি" সিলেক্ট করুন। তারপর পাসের সন সিলেক্ট করুন।

১০। আপনার বৃত্তির জন্য আবেদনকৃত পরীক্ষার রোল নাম্বার ও রেজিষ্ট্রেশন নাম্বার টাইপ করুন।

১১। পরীক্ষার অধীনস্ত বোর্ড নির্বাচন করুন।

১২। আপনার একাউন্ট আছে এমন একটি অনলাইন ব্যাংকের নাম, শাখা, ব্যাংক একাউন্ট নাম্বার ও একাউন্ট হোল্ডারের পূর্ণ নাম টাইপ করুন (ব্যাংকটি অবশ্যই অনলাইন হতে হবে; মোবাইল ব্যাংকিং এর তথ্য গ্রহণযোগ্য নয়)

CamScanner

১৩। শিক্ষার্থীর ছবি (আকারে - ১৫০ × ১৫০ পিক্সেল,ফরম্যাট-.jpg ও সাইজ-৫০০ kb এর মধ্যে হতে হবে) আপলোড করতে Choose File ক্লিক করুন ও ছবি নির্বাচন করুন।

১৪। Next বাটন ও ক্লিক করুন।

১৫। মার্কশিট সনদের স্ক্যান কপি (আকারে-৮০০ × ৬০০ পিক্সেল, ফরম্যাট-.jpg ও সাইজ-৫০০ kb এর মধ্যে হতে হবে) আপলোড করতে Choose File ক্লিক করুন ও স্ক্যান কপি নির্বাচন করুন।

১৪। জন্ম নিবন্ধন সনদের স্ক্যান কপি (আকারে - ৮০০ × ৬০০ পিক্সেল , ফরম্যাট-.jpg ও সাইজ-৫০০ kb এর মধ্যে হতে হবে) আপলোড করতে Choose File ক্লিক করুন ও স্ক্যান কপি নির্বাচন করুন।

১৫। নির্বাচিত আবেদনের ধরণের সত্যতার স্বপক্ষে প্রত্যয়নপত্রের স্ক্যান কপি (আকারে-৮০০ × ৬০০ পিক্সেল, ফরম্যাট-.jpg ও সাইজ-৫০০ kb এর মধ্যে হতে হবে) আপলোড করতে Choose File ক্লিক করুন ও স্ক্যান কপি নির্বাচন করুন।

১৬। নির্বাচিত আবেদনের দারিদ্রতার সত্যতা প্রমাণের প্রত্যয়নপত্রের স্ক্যান কপি (আকারে-৮০০ × ৬০০ পিক্সেল, ফরম্যাট-.jpg ও সাইজ-৫০০ kb এর মধ্যে হতে হবে) আপলোড করতে Choose File ক্লিক করুন ও স্ক্যান কপি নির্বাচন করুন।

১৮। প্রয়োজনে বিস্তারিত তথ্য জেলা পরিষদ, মৌলভীবাজার কার্যালয় থেকে জানা যাবে।

১৯। অসম্পূর্ণ আবেদন পত্র এবং চাহিত কাগজপত্র সংযুক্ত/আপলোড না করলে আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য করা হবে।

২০। কর্তৃপক্ষ যেকোন শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

বৃত্তির ফলাফল ই-মেইল এর মাধ্যমে জানানো হবে। এছাড়া জেলা পরিষদের পক্ষ থেকে মোবাইল নাম্বারে ও যোগাযোগ করা হতে পারে। বৃত্তির গ্রহণের সময় আপনার রেজিষ্ট্রেশন কার্ড ও বৃত্তি প্রাপ্তি সম্পর্কিত ইমেইলের প্রিন্ট কপি সঙ্গে আনতে হবে। নিজ আবেদন নিজেই প্রেরণ করা উত্তম। প্রয়োজনে জেলা পরিষদ ডিজিটাল সেন্টার, ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র, সাইবার ক্যাফে এর সহায়তা গ্রহণ করুন। ভুল/অগ্রহণযোগ্য তথ্য ও ডকুমেন্ট দিলে আবেদন বাতিল বলে গণ্য হবে। জরুরী প্রয়োজনে যোগাযোগ নাম্বারঃ ০১৯১২৭১৬১৭১।

১৫/০৭/২০২৪

(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।

15.07.24

স্মারক নং ঃ ৪৬.০০.৫৮০০.০০১.০৮.০১৯.০৫. তারিখ ঃ ১৫/০৭/২০২৪ ইং

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, মৌলভীবাজার।
০৫। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
০৬। পুলিশ সুপার, মৌলভীবাজার।
০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ........................................... (সকল)।
০৮। সিভিল সার্জন, মৌলভীবাজার।
০৯। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার।
১০। উপজেলা নির্বাহী অফিসার ........................................... (সকল)
১১। সম্পাদক,..............................................................................।

১৫/০৭/২০২৪
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।

15.07.24

CamScanner